

**পশ্চিমবঙ্গ সরকার
খাদ্য ও সরবরাহ দপ্তর**

বিজ্ঞপ্তি

মেমো নম্বর :৫২২-এফ এন এস /১৯/২৯/২০২১ -আইটি এস ই সি তারিখ :১৬/০২/২২,কোলকাতা

যেহেতু, পরিষেবা, সুবিধা বা ভর্তুকি প্রদানের ক্ষেত্রে পরিচিতির প্রমাণপত্র হিসেবে আধারের ব্যবহার সরকারি বিতরণ প্রক্রিয়াকে সরল করেছে এবং পদ্ধতিতে স্বচ্ছতা ও দক্ষতা নিয়ে এসেছে এবং একজনের পরিচিতির প্রমানে একাধিক নথির প্রয়োজনকে কমিয়ে উপভোক্তাদের সরাসরি বরাদ্দ পাওয়ার পদ্ধতিকে নিরবিচ্ছিন্ন এবং সুবিধাজনক করেছে;

এবং যেহেতু, খাদ্য ও সরবরাহ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার(এরপর থেকে দপ্তরটি হিসেবে উল্লেখ করা হয়েছে), যে সমস্ত যোগ্য নাগরিক এন- এফ- এস- এ'র (জাতীয় খাদ্য সুরক্ষা আইন) অন্তর্ভুক্ত হতে পারেননি, তাঁদের খাদ্যদ্রব্য বিতরণের জন্য রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা প্রকল্পটি (এরপর থেকে প্রকল্পটি হিসেবে উল্লেখ করা হয়েছে) পরিচালনা করছে;

এবং যেহেতু, প্রকল্পটির অধীনে, সমস্ত উপভোক্তাদের রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা রেশন কার্ড(এরপর থেকে আর কে এস ওয়াই -১ অথবা আর কে এস ওয়াই -২ হিসেবে উল্লেখ করা হয়েছে) প্রদান করা হয়েছে যাতে তাঁরা গণবন্টন ব্যবস্থার মাধ্যমে ভর্তুকিযুক্ত খাদ্য দ্রব্য পান;

এবং যেহেতু, পূর্বোক্ত প্রকল্পটির রূপায়নের সাথে রাজ্যের কনসলীডেটেড ফান্ড থেকে নিয়মিত ব্যয় জড়িত আছে;

এখন, সেইজন্য, আধার(টার্গেটেড ডেলিভারি অফ ফাইনান্সিয়াল এণ্ড আদার সাবসিডিস, বেনিফিটস এণ্ড সার্ভিসেস) আইন, ২০১৬(১৮ অক্টোবর ২০১৬)-এর (এরপর থেকে উল্লিখিত আইন হিসেবে উল্লেখ করা হয়েছে) ধারা ৭ অনুযায়ী, রাজ্যপাল নিম্নলিখিত বিষয়গুলি বিজ্ঞাপিত করা হচ্ছে:-

১) প্রকল্পটির অধীনে সুবিধা পাওয়ার জন্য যোগ্য একজন ব্যক্তিকে আধার নম্বর থাকার প্রমাণপত্র দাখিল করতে হবে এবং আধার এর মাধ্যমে প্রমাণীকরণ পদ্ধতিতে অংশ নিতে হবে। যদিও ৫ বছরের কম বয়স্ক শিশুদের এটা করতে হবে না, কিন্তু পরামর্শ দেওয়া হচ্ছে যে যখনই তারা আধার নম্বর পাবে তখনই যেন তারা রেশন কার্ডের সঙ্গে আধার নম্বর সংযুক্ত করিয়ে নেয় যাতে ভবিষ্যতে অসুবিধার সম্মুখীন না হতে হয়।

২) কোন ব্যক্তি যদি প্রকল্পটির অধীনে সুবিধা পেতে চান এবং তাঁর যদি আধার নম্বর থাকে তাহলে তাকে এই বিজ্ঞপ্তি বের হওয়ার ৩০ দিনের মধ্যে অথবা রাজ্য সরকার দ্বারা বর্ধিত সময়সীমার মধ্যে রেশন কার্ডের সঙ্গে আধার নম্বর সংযুক্ত করিয়ে নিতে হবে।

৩) কোন ব্যক্তি যদি প্রকল্পটির অধীনে সুবিধা পেতে চান এবং তাঁর যদি আধার নম্বর না থাকে অথবা এখনও আধার নম্বর পাওয়ার জন্য নাম নথিভুক্ত না করে থাকেন তাহলে তাঁকে প্রকল্পটির অধীনে নিজেকে নথিভুক্ত করার আগে আধার নম্বর পাওয়ার জন্য ৩১ মার্চ, ২০২২ এর মধ্যে আবেদন করতে হবে যদি তিনি উল্লিখিত আইনের ধারা ৩ অনুসারে আধার নম্বর পাওয়ার যোগ্য হোন। এই ব্যক্তিদের আধার নথিভুক্তিকরণ কেন্দ্রে(কেন্দ্রের তালিকা ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইভিয়া(ইউ আই ডি এ আই)এর ওয়েবসাইটে(www.uidai.gov.in) দেওয়া আছে)গিয়ে আধারের জন্য আবেদন করতে হবে।

এই ব্যক্তি আধার নম্বর না পাওয়া অবধি নিম্নলিখিত(ক,খ এবং গ তে উল্লিখিত) নথি দেখিয়ে প্রকল্পটির সুবিধা পাবেন।

ক) দণ্ডর দ্বারা প্রদেয় রেশন কার্ড (এবং)

খ) যদি তিনি আধারের আবেদন করে থাকেন তাহলে তাঁর আধার এনরোলমেন্ট আইডেন্টিফিকেশন স্লিপ (এবং)

গ) নিম্নলিখিত যেকোন একটি নথি:

- i. ছবি সহ ব্যাংক অথবা পোস্ট অফিসের পাস বই, অথবা
- ii. পার্মানেন্ট একাউন্ট নম্বর (পি- এ- এন) কার্ড, অথবা
- iii. পাসপোর্ট, অথবা
- iv. ভোটার কার্ড, অথবা
- v. এম জি এন আর ই জি এ কার্ড, অথবা
- vi. সচিত্র কিষান পাস বই
- vii. মোটর ভেহিকল আইন, ১৯৮৮(১৯৮৮ এর ৫৯) অনুসারে লাইসেন্স কর্তৃপক্ষ দ্বারা প্রদান করা ড্রাইভিং লাইসেন্স, অথবা
- viii. সরকারি গেজেটেড আধিকারিক অথবা আঞ্চলিক কর্তৃপক্ষের গ্রুপ-এ আধিকারিক অথবা তহসিলদার দ্বারা অফিসিয়াল লেটারহেড এ সচিত্র পরিচিতির শংসাপত্র, অথবা
- ix. দণ্ডর দ্বারা নির্ধারিত অন্য যেকোন নথি

এটাও উল্লেখ থাকে যে উপরোক্ত নথি গুলো দণ্ডর দ্বারা এই উদ্দেশ্যে মনোনীত আধিকারিক খতিয়ে দেখতে পারবেন।

৪) এই প্রকল্পটির অধীনে উপভোক্তাদের সহজে সুবিধা দেওয়ার উদ্দেশ্যে, উপরোক্ত নথি সম্পর্কে উপভোক্তাদের অবহিত করার জন্য গণমাধ্যমে ব্যাপক প্রচার নিশিত করতে দণ্ডর সমস্ত ধরনের প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

৫) যে সমস্ত ক্ষেত্রে খারাপ বায়োমেট্রিকের জন্য বা অন্য কোন কারণে আধারের মাধ্যমে প্রমাণীকরণ ব্যর্থ হবে, সেক্ষেত্রে নিম্নলিখিত প্রতিকারমূলক পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) যদি একটি আঙুলের ছাপ নিয়ে বায়োমেট্রিক প্রমাণীকরণ ব্যর্থ হয়, তাহলে উপভোক্তাকে পর পর দুটি আঙুলের ছাপ নিয়ে বায়োমেট্রিক প্রমাণীকরণের সুযোগ দেওয়া হবে,

খ) যদি তাতেও আধারের মাধ্যমে বায়োমেট্রিক প্রমাণীকরণ ব্যর্থ হয়, তাহলে আধার নম্বরের সঙ্গে সংযুক্ত মোবাইল নম্বরে ও টি পি পাঠিয়ে মোবাইল ও টি পি ভিত্তিক প্রমাণীকরণের সুযোগ দেওয়া হবে।

৬) পূর্বে যাই উল্লেখ করা হোক, যোগ্য পরিবারের যে কোন একজন সদস্য যিনি উপভোক্তা হিসেবে তালিকাভুক্ত আছেন, তিনি যদি উপরোক্ত পরিচিতির শর্ত গুলো পূরণ করেন তাহলে আর কে এস ওয়াই এর অধীনে ঐ পরিবারের সম্পূর্ণ বরাদ্দকৃত ভর্তুকিযুক্ত খাদ্যদ্রব্য তুলতে পারবেন।

৭) কোনো পরিবার, যারা একই রেশন দোকানের আধার সংযুক্ত কোন উপভোক্তাকে নমিনী করার আবেদন করেছেন যাতে ঐ নমিনী আধার ভিত্তিক বায়োমেট্রিক প্রমাণীকরণের মাধ্যমে ঐ পরিবারের হয়ে লেনদেন করতে পারেন এবং যদি এই আবেদন টি দণ্ডরের দ্বারা অনুমোদিত হয়ে থাকে তাহলে ঐ পরিবারও নমিনীর মাধ্যমে আর কে এস ওয়াই এর অধীনে পরিবারের সম্পূর্ণ বরাদ্দকৃত ভর্তুকিযুক্ত খাদ্যদ্রব্য তুলতে পারবেন।

৮) এই বিজ্ঞপ্তি সরকারী গেজেটে প্রকাশিত হওয়ার দিন থেকে কার্যকরী হবে।

রাজ্যপালের আদেশনুসারে

সচিব, পশ্চিমবঙ্গ সরকার